



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

এবং

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, যশোর জেলা, যশোর

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২৩ - ৩০ জুন ২০২৪

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	৮
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১০
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১২
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৬
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৫
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৬
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৭
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৮

Handwritten signature

কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, যশোর বিভাগ, যশোর কর্তৃক বাস্তবায়িত বিগত ৩ (তিন) অর্থ বছরে গ্রাম, পৌর ও বস্তি এলাকায় নিরাপদ পানি সরবরাহের উদ্দেশ্যে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের অধীনে ১৬৪২৪ টি বিভিন্ন প্রযুক্তির পানির উৎস, ১১৩.৫৪ কিঃমিঃ পাইপ লাইন, ১৭ টি উৎপাদক নলকূপ স্থাপন হয়েছে। এছাড়াও পল্লী/পৌর এলাকায় স্বাস্থ্য সম্মত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে ১৮ টি পাবলিক/কমিউনিটি টয়লেট নির্মাণ এবং ২৬ টি স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন বিতরণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল অর্জিত অগ্রগতির স্থায়িত্ব করণ ও কার্যকারিতা বৃদ্ধি করণ। এই চ্যালেঞ্জে উত্তরণের জন্য প্রয়োজন পানি সরবরাহ ও স্যানিটেশন খাতকে পৃথক সেক্টর হিসেবে স্বীকৃতি ও বিশেষ অগ্রাধিকার প্রদান পূর্বক পৃথক বাজেটে বরাদ্দ প্রয়োজন। যশোর জেলায় দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলে অবস্থিত একটি উপকূলবর্তী এলাকা। জলবায়ু পরিবর্তন ও আর্সেনিকের কারণে জেলায় সুপয়ে পানি সরবরাহ করা একটি বিরাট চ্যালেঞ্জ। সামগ্রিক কাজ মনিটরিং ও মূল্যায়নের জন্য প্রয়োজন তথ্য সংগ্রহ ও সংরক্ষণ। পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সঠিক চ্যালেঞ্জে নিশ্চিত করণের ক্ষেত্রে প্রধান অন্তরায়/সমস্যা হল এই খাতে অপ্রতুল বাজেটে বরাদ্দ। এছাড়াও মাঠ পর্যায়ে কাজের গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় জনবলের অভাব রয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে। যেমন প্রতি ৫০ জনের জন্য একটি পানির উৎস স্থাপন, ডু-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষণ, দেশের প্রতিটি ইউনিয়নে পাইপ ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন। স্বাস্থ্য সম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপয়ে পানি সরবরাহের কভারেজ শত ভাগে উন্নীতকরণ।

২০২৩-২০২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ডুগর্ভস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ – ১/২ টি
- ওভারহেড ট্যাঙ্ক – ২ টি
- হাউজ কানেকশন – ১০০০ টি
- পাইপ লাইন – ১০ কিমি
- ইম্প্রুভড/ স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন – ৩০০ টি
- নলকূপ/ উৎস – ২৪৮১ টি

Handwritten Signature

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, যশোর জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ১০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

Handwritten signature